

আগামী জাতীয় সংসদ নির্বাচনের আগেই
সুন্দরবনবিনাশী রামপাল বিদ্যুৎ প্রকল্প বাতিলের দাবি



জ্বালানি সংকট নিরসনে জাতীয় কমিটির মহাপরিকল্পনা ও ৭ দফা বাস্তবায়নের দাবিতে ১৯ মার্চ ঢাকায় বিক্ষোভ মিছিল

তেল-গ্যাস, খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির উদ্যোগে সুন্দরবন বিনাশী রামপাল বিদ্যুৎ কেন্দ্র বাতিল, জাতীয় সক্ষমতার বিকাশ এবং সকল অসম ও ক্ষতিকর চুক্তির পরিবর্তে জাতীয় কমিটির বিকল্প প্রস্তাবনা বাস্তবায়নের দাবিতে ১৯ মার্চ '১৮ দেশব্যাপী সভা-সমাবেশ ও বিক্ষোভ মিছিল কর্মসূচি পালিত হয়। ঐদিন ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। জাতীয় কমিটি ঢাকা মহানগর সমন্বয়কারী জুলফিকার আলীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন জাতীয় কমিটির সদস্যসচিব অধ্যাপক আনু মুহম্মদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এম.এম. আকাশ, জাতীয় কমিটি ঢাকা মহানগরের নেতা আকবর খান, খান আসাদুজ্জামান মাসুম প্রমুখ।

সরকারি সিদ্ধান্তে নতুন ঝুঁকিতে সুন্দরবন

বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের ১০ কিলোমিটার এলাকার মধ্যে ১৯০টি শিল্পপ্রতিষ্ঠান রয়েছে, যার মধ্যে ২৪টি লাল শ্রেণির অর্থাৎ মারাত্মক দূষণকারী। মাঝারি মাত্রায় দূষণকারী ১০৩টি ও স্বল্প দূষণকারী ৬৩টি শিল্প রয়েছে। শিল্পপ্রতিষ্ঠানগুলো হলো –

সিমেন্ট কারখানা	৬টি
এলপিগ্যাস	৭টি
গ্যাস সিলিভার	১টি
তেল শোধনাগার	৩টি
জাহাজ নির্মাণের ইয়ার্ড	২টি
স মিল	১৫টি
সুপারি প্রক্রিয়াজাতকরণ	৪টি
চালের কল	৭৩টি
মাছ ও কাঁকটা খামার হ্যাচারি	১৯টি
লবণাক্ত পানি শোধনাগার	৭টি
ইট ভাটা	৩টি
অন্যান্য	৪৬টি

১৯০টি শিল্পপ্রতিষ্ঠানের মধ্যে মাটি, পানি ও বায়ুদূষণকারী লাল শ্রেণির শিল্পপ্রতিষ্ঠান ২৪টি। এই ২৪টি শিল্পপ্রতিষ্ঠান কোনোভাবে সুন্দরবনের ১০ কিলোমিটারের মধ্যে থাকতে পারে না। কারণ, পরিবেশগত সংকটাপন্ন এলাকা অর্ডিন্যান্স ১৯৯৯ অনুযায়ী এ ধরনের শিল্পপ্রতিষ্ঠান ওই এলাকায় থাকার সুযোগ নেই।

সমাবেশ থেকে আগামী ১২ মে '১৮, সারাদেশে সুন্দরবন রক্ষার দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করার আহ্বান জানান।

বগুড়া : জাতীয় কমিটির বিকল্প প্রস্তাবনা বাস্তবায়ন, ফুলবাড়িতে জাতীয় কমিটির নেতৃবৃন্দের নামে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারসহ সাত দফা বাস্তবায়নের দাবিতে ১২ ফেব্রুয়ারি '১৮ শহরের সাতমাথায় 'জাতীয় কমিটি' বগুড়া জেলা শাখার উদ্যোগে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন জাতীয় কমিটি বগুড়া জেলার আহ্বায়ক জিন্নাতুল ইসলাম জিন্নাহ। বক্তব্য রাখেন সদস্যসচিব সাইফুজ্জামান টুটুল, সাইফুল ইসলাম পল্টু, আব্দুর রশিদ, প্রবীণ জননেতা মাহফুজুল হক দুলু , সন্তোষ পাল প্রমুখ। এছাড়াও কর্মসূচি পালিত হয়, রংপুর, সিলেট, খুলনাসহ দেশের বিভিন্ন জেলায়